গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রশাসন-১ অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ০২ ডিসেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মোঃ আতিকুল হক
মহাপরিচালক

স্থান : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

তারিখ : ০২.১২.২০২১ খ্রি.

সময় : সকালঃ ০৯.৩০ টা

হাজিরা : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতেই মাঠ পর্যায়ে পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা এ অধিদপ্তরের মাধ্যমে মাঠ পর্যায়ে বাস্তবায়নাধীন উন্নয়নমূলক সকল প্রকল্প পরিদর্শন/যাচাইয়ের পাশপাশি সংশ্লিষ্ট জেলায় গৃহীত বিভিন্ন ত্রাণ কার্যক্রম তদারকি/মনিটরিং করার অনুরোধ জানান এবং এ বিষয়ে প্রশাসন উইং থেকে অফিস আদেশ জারীকরণের পরামর্শ দেন। অত:পর শাখার পেন্ডিং চিঠিপত্র দ্রুত নিষ্পত্তিসহ শাখা ও উইং নিয়মিত পরিদর্শন করার জন্য সংশ্লিষ্ট সকল পরিচালক/উপপরিচালককে অনুরোধ জানান। আধুনিক বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয়ে সেবার মান আরও উন্নত করে কাঙ্ক্ষিত সাফল্য ও সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনের মধ্য দিয়ে "মুজিব বর্ষের" সার্থকতা সফল করার লক্ষ্যে কাজ করার আহবান জানান। অত:পর সভাপতির সম্মতিক্রমে উপপরিচালক (প্রশাসন-১) বিগত ০৪.১১.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

০২। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td>১</td><td>পেন্ডিং পত্র দ্রুত নিষ্পত্তি বিষয়ে আলোচনা।</td><td>অধিদপ্তরের সাথে মন্ত্রণালয়ের এবং মন্ত্রণালয়ের সাথে অধিদপ্তরের পেন্ডিং পত্র দ্রুত নিষ্পত্তি এবং প্রস্তুতকৃত পত্র যথাসময়ে প্রাপকের নিকট পৌছালো কিনা তা খতিয়ে দেখে (ফলো আপ) নিষ্পত্তি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>১। মন্ত্রণালয়ের পত্র যা অধিদপ্তরে পেন্ডিং আছে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>২। অধিদপ্তর হতে মন্ত্রণালয়ে প্রেরিত পত্র যা মন্ত্রণালয়ে কমপক্ষে এক মাসের অধিক সময় পেন্ডিং আছে, সে সকল পত্রের তালিকা প্রতি মাসের ০১ তারিখের মধ্যে এ অধিদপ্তরের প্রশাসন-১ অধিশাখায় প্রেরণ করতে হবে।</td><td>সংশ্লিষ্ট সকল কর্মকর্তা</td></tr>
<tr><td>৩</td><td>বিভাগীয় মোকদ্দমা</td><td>(ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে চলমান বিভাগীয় মামলার বিবরণ নিম্নরূপ:
<table>
<tr><th>ক্রঃনঃ</th><th>মামলার নং ও সন</th><th>পিআইও এর নাম ও কর্মস্থল</th><th>তদন্ত কর্মকর্তার নাম</th><th>বর্তমান অবস্থা</th></tr>
<tr><td>০১</td><td>০১/২১</td><td>মোঃ আব্দুল কাইয়ুম খান (বরকল, রাঙামাটি)</td><td>ডা: সঞ্জীব সূত্রধর উপপরিচালক (বা/হি)</td><td>তদন্ত প্রতিবেদন পাওয়া যায় নি।</td></tr>
<tr><td>০২</td><td>০৭/২১</td><td>জনাব শরীফ মোঃ রুবেল (লোহাগড়া, নড়াইল)</td><td>জনাব মোঃ জসিম উদ্দিন, উপপরিচালক (কাবিখা-৩)</td><td>প্রতিবেদন পাওয়া গেছে। আদেশের অপেক্ষায়।</td></tr>
<tr><td>০৩</td><td>০৯/২০২১</td><td>মোঃ আব্দুল কাইয়ুম খান (বরকল, রাঙামাটি)</td><td>জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, পরিচালক (মিম)</td><td>প্রতিবেদন পাওয়া গেছে। আদেশের অপেক্ষায়।</td></tr>
</table></td><td>(ক) বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন-১/২)</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>০৪</td><td>১০/২০২১</td><td>এস এম এ করিম (হরিপুর, ঠাকুরগাঁও)</td><td>ইউএনও এর স্বাক্ষর জাল করে ছুটিভোগ</td><td>অভিযোগনামার জবাব পাওয়া গেছে।</td></tr>
<tr><td>০৫</td><td>১২/২১</td><td>মোঃ বাকি বিল্লাহ সহঃ প্রকৌঃ মুজিব কিল্লা</td><td></td><td>শুনানী হয়েছে। পরবর্তী তাং- ৩০.১২.২১</td></tr>
<tr><td>০৬</td><td>১৩/২১</td><td>মোঃ আনোয়ারুল ইসলাম সহঃ প্রকৌঃ মুজিব কিল্লা</td><td></td><td>শুনানী হয়েছে। পরবর্তী তাং- ৩০.১২.২১</td></tr>
<tr><td>০৭</td><td>১৪/২১</td><td>দিলীপ সেন প্রধান ভারঃ কর্মকর্তা, ত্রাণ গুদাম</td><td></td><td>শুনানী হয়েছে। পরবর্তী তাং- ৩০.১২.২১</td></tr>
<tr><td>০৮</td><td>২২/২০২১</td><td>মোঃ মাহমুদুল ইসলাম কুমারখালী, কুষ্টিয়া</td><td>জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন পরিচালক (মিম)</td><td>তদন্ত প্রতিবেদন পাওয়া পাওয়া গেছে। আদেশের অপেক্ষায়</td></tr>
<tr><td>৯</td><td>২৬/২০২১</td><td>মোঃ নাজমুল হুদা সুজানগর,পাবনা।</td><td>এইচবিবি এর সম্পর্ণ কাজ বুঝে না নিয়ে সমুদয় বিল প্রদান</td><td>অভিযোগনামার জবাব পাওয়া গেছে।</td></tr>
<tr><td>১০</td><td>২৭/২০২১</td><td>মোঃ মফিজুর রহমান আমতলী, বরগুনা।</td><td>বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত</td><td>অভিযোগনামার জবাব পাওয়া গেছে।</td></tr>
<tr><td>১১</td><td>২৯/২০২১</td><td>মু. জাকির হোসেন (জুড়াইছড়ি, রাঙামাটি) সাবেক গাজীপুর সদর।</td><td>২০২০-২০২১ অর্থ বছরের ইজিপিপিসহ অন্যান্য প্রকল্পের টাকা সম্পূর্ণ আত্মসাৎ</td><td>অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। তাং ২২.১২.২১</td></tr>
<tr><td>১২</td><td>৩০/২০২১</td><td>খন্দকার ফিজানুর রহমান কুড়িগ্রাম সদর (সাবেক উলিপুর, কুড়িগ্রাম)</td><td>৩০ শে জুন.২০১৭ এর মধ্যে সোলার খাতে বিল এজি অফিসে দাখিল না করায়</td><td>অভিযোগনামা প্রেরণ করা হয়েছে। তাং ২৯.১২.২১</td></tr>
</table>
(খ) মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ আছে।
</td><td>(খ) মামলাগুলো বিস্তারিতভাবে রেজিস্টারে মামলা নম্বর ও সালসহ হালনাগাদ রাখতে হবে।</td><td>গ) উপপরিচালক (প্রশাসন-১/২)</td></tr>
<tr><td>৪</td><td>অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত।</td><td>ক) এ অধিদপ্তরে মোট অনিষ্পন্ন অডিট আপত্তি আছে ১০০টি । ১০০ টি আপত্তির নিষ্পত্তিমূলক জবাব বিভিন্ন সময়ে মন্ত্রণালয় ও অডিট অফিসে প্রেরণ করা হয়েছে। প্রেরিত জবাবের আলোকে এ পর্যন্ত ১১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। গত ১৩.০১.২০২১ তারিখে ৪৫ টি আপত্তি নিয়ে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ৩০ টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। ৩০ টি আপত্তির মধ্যে ত্রিপক্ষীয় সভায় ০৮ টি আপত্তি নিষ্পত্তি হয়েছে।<br><br>খ) তাছাড়া ইজিপিপির অডিট আপত্তিগুলো নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়।</td><td>(ক) অডিট নিষ্পত্তি সংক্রান্ত সর্বশেষ পরিপত্রের আলোকে রাজস্ব খাতের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির পদক্ষেপ নিতে হবে।<br><br>(খ) ইজিপিপির অডিট আপত্তিসমূহ ওয়ার্কশপের মাধ্যমে উপজেলাওয়ারী বিভাজনের ব্যবস্থা নিতে হবে এবং বিভাজন শেষে সংশ্লিষ্ট উপজেলার পিআইও বরাবরে প্রেরণপূর্বক দ্রুত জবাব সংগ্রহ করে যথাযথ কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের ব্যবস্থা করতে হবে।<br>গ) এ অধিদপ্তরের অর্থ বছর ভিত্তিক সকল অনিষ্পন্ন অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুতের সময় আপত্তি, অনুচ্ছেদ নম্বর এবং জবাব যথাযথভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>ক) প্রকল্প পরিচালক (SMoDMRP)/ পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ)/ উপপরিচালক (বা:/হি:)/</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td></td><td></td><td>ঘ) অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষে এ অধিদপ্তরে আলাদা একটি অডিট সেল গঠন করে মাঠ পর্যায় থেকে একজন উচ্চমান সহকারি ও একজন অফিস সহকারি অডিট সেলে পদায়ন এর ব্যবস্থা করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৫</td><td>অকেজো গাড়ি নিলামে বিক্রয় ও গাড়ি ক্রয় প্রসঙ্গে।</td><td>সাস নম্বর যুক্ত ২৬ টি গাড়ির নিলাম বিক্রির বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়েছে। সিডিউল বিক্রির শেষ তারিখ ১৩.১০.২০২১ এবং দরপত্র গ্রহণের তারিখ ছিল ১৪.১০.২০২১ তারিখ। প্রাপ্ত দরপত্রে বিধিমতে ০৭ টি গাড়ি বিক্রির কার্যক্রম গ্রহণ করা যাবে । অবশিষ্ট ১৯ টি গাড়ির মূল্য পুন:নির্ধারণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>২৬টি অকেজো জিপ গাড়ি দ্রুত নিলামে বিক্রির কাযর্ক্রম গ্রহণ করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন-২)/ সহকারী পরিচালক (যান)</td></tr>
<tr><td>৬</td><td>অধিদপ্তরের বিভিন্ন উইং/ শাখায় পত্র প্রাপ্তি/ জারী প্রসংগে।</td><td>(ক) ই-ফাইলিংয়ে এ অধিদপ্তরের অবস্থান আরও উন্নত করার জন্য কাবিখা ত্রাণ উইংয়ের বিভিন্ন বরাদ্দপত্র ছাড়করণ, গবেষণা ও প্রশিক্ষণ শাখায় প্রশিক্ষণের মনোনয়নসহ অন্যান্য উইংয়ের পত্রসমূহ ই-নথিতে উপস্থাপন করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেন।<br><br>খ) এ অধিদপ্তরের কার্যক্রম এবং বাস্তবায়ন সংক্রান্ত ছবি যথাযথভাবে প্রদর্শনের বিষয়ে আলোচনা করা হয়।</td><td>(ক) ই-ফাইলিংয় এ অধিদপ্তরের অবস্থান আরও উন্নত করার জন্য কাবিখা, ত্রাণ শাখার বিভিন্ন বরাদ্দপত্র ছাড়করণ, গবেষণা ও প্রশিক্ষণ শাখার প্রশিক্ষণের মনোনয়নসহ অন্যান্য শাখার পত্রসমূহ ই-নথিতে উপস্থাপন করতে হবে।<br>(খ) আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস/ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস/ স্বাধীনতা দিবস ও বিজয় দিবসসহ অন্যান্য দিবস উদযাপনের ছবি ও বিভিন্ন উন্নয়নমূলক কাজের ছবি এবং অনুষ্ঠিত সভা/ সেমিনার/ প্রশিক্ষণ এর ছবি অধিদপ্তরের নিজস্ব facebook পেইজসহ কর্মকর্তাদের facebook গ্রুপে আপলোড করতে হবে। তাছাড়া অধিদপ্তরের নোটিশ বোর্ডে লাগিয়েও যথাযথ প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>(ক) পরিচালক উপপরিচালক/ নিঃপ্রঃ (সকল) ও প্রোগ্রামার<br>(খ) উপপরিচালক (এমআইএম) ও প্রোগ্রামার</td></tr>
<tr><td>৭</td><td>মামলা সংক্রান্ত।</td><td>(ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের (মন্ত্রণালয়সহ) চলমান মামলার বিবরণ নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র”ক</th><th>মামলার ধরন</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>১</td><td>রিট</td><td>৭৪টি</td></tr>
<tr><td>২</td><td>সিপিএলএ</td><td>২২টি</td></tr>
<tr><td>৩</td><td>এটি</td><td>১২টি</td></tr>
<tr><td>৪</td><td>এএটি</td><td>০৪টি</td></tr>
<tr><td>৫</td><td>আদালত অবমাননা</td><td>১১টি</td></tr>
<tr><td>৬</td><td>সিএ</td><td>০৫টি</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>১২৮টি</td></tr>
</table>
(i) মামলার তালিকা হালনাগাদ করে চলমান গুরুত্বপূর্ণ মামলা ও অকার্যকর মামলা চিহ্নিত করে ক্রাশ প্রোগ্রামের মাধ্যমে অতি গুরুত্বপূর্ণ মামলাগুলো নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।<br><br>খ) এ অধিদপ্তরের মাধ্যমে চলমান মামলা দ্রুততার সাথে নিষ্পত্তিসহ বিভিন্ন আদালতে মামলা মোকাবেলা করার জন্য সরকারি স্বার্থে প্যানেল আইনজীবি নিয়োগের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</td><td>(ক) অচল ও কার্যক্রমহীন মামলা বাদ দিয়ে মামলার রেজিস্টার করতে হবে এবং মামলার সর্বশেষ অবস্থা হালনাগাদ রাখতে হবে।<br><br>(i) গঠিত কমিটি মামলার তালিকা হালনাগাদ করে চলমান গুরুত্বপূর্ণ মামলা ও অকার্যকর মামলা চিহ্নিত করে মামলাগুলো নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করবেন।<br>(খ) প্যানেল আইনজীবি নিয়োগ কার্যক্রম জরুরি ভিত্তিতে সম্পন্ন করতে হবে।</td><td>উপপরিচালক (প্রশাসন-১)/ সহকারি পরিচালক (আইন)/ উপপরিচালক (প্রশাসন-১/২)</td></tr>
<tr><td>৮</td><td>কাবিখা, টিআর ও ইজিপিপি কর্মসূচি প্রসংগে।</td><td>(ক) <u>কাবিখা/কাবিটা কর্মসূচি:</u> i) ২০২১-২২ অর্থ বছরে গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় এ পর্যন্ত মোট ৩৯৯,৬২,৬২,১৪১/৭৮৬ টাকা ৮৪,৫৫৯.৬৮৭ মে:টন চাল এবং ৮৪,৫৫৯.৬৮৭ মে:টন গম বরাদ্দ দেয়া হয়েছে।<br><br>ii)তাছাড়া কাবিটা কর্মসূচির আওতায় ৫২ টি প্রকল্পের বিপরীতে ১৪,১৮,৭৮,৩১৮/- টাকা বিশেষ বরাদ্দ দেয়া হয়েছে।</td><td>(ক) (i) সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। কোন কোন উপজেলায় কাবিখা/কাবিটার কাজ শুরু হয়েছে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তা জেনে আগামী ১০ দিনের মধ্যে</td><td>পরিচালক (কাবিখা)</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | ii) ২০২১-২০২২ অর্থ বছরে আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় কাবিখা বরাদ্দ হতে ৪টি বিভাগের ৩৩টি জেলার ১৪,১৪৩টি বাসগৃহের নির্মাণ ব্যয় ও পরিবহন বাবদ ৩৪৬,৫০,৩৫,০০০/- টাকার বরাদ্দপত্র জারী করা হয়েছে।<br><br>**খ) টি,আর কর্মসূচি-** ২০২১-২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় এ পর্যন্ত **২৭৮,০০,০০,০০০/- (দুইশত আটাত্তর কোটি) টাকা** বরাদ্দ দেয়া হয়েছে।<br><br>**গ) ইজিপিপি:** চলতি অর্থ বছরে এ পর্যন্ত বরাদ্দ পাওয়া যায়নি। | গৃহীত প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শনসহ যাচাই করবেন এবং যথাযথভাবে পরিদর্শন প্রতিবেদনসহ পরিদর্শন বিবরণী দাখিল করবেন।<br><br>ii) ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের পুনর্বাসনে গৃহীত 'দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ কাজ বাস্তবায়নে এ অধিদপ্তর হতে যথাযথ মনিটরিং/তদারকি করতে হবে।<br><br>(খ) সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী ২০২১-২০২২ অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>(গ) ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়িত প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন দ্রুত সংগ্রহ করতে হবে। | |
| ৯ | মূল্যায়ন ও পরিবীক্ষণ সংক্রান্ত। | (ক) পরিচালকগণ তাদের অনুবিভাগের অধীন শাখাসমূহ প্রতি ০৩ মাস অন্তর এবং উপপরিচালক/নির্বাহী প্রকৌশলীগণ তাদের অধীন শাখাসমূহ প্রতি ০২(দুই) মাস অন্তর পরিদর্শন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। দীর্ঘদিন এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হলেও শাখা পরিদর্শন আশানুরূপ না হওয়ায় সভাপতি সভায় অসন্তোষ প্রকাশ করেন।<br><br>(খ) এ মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের কার্যক্রম ও মানবিক সহায়তা কার্যক্রম পরিদর্শনের পাশাপাশি সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস পরিদর্শন বিষয়ে আলোচনা। | (ক) অধিদপ্তরের পরিচালক/ উপপরিচালক /নির্বাহী প্রকৌশলীগণ তাদের অধীন শাখাসমূহ যথাক্রমে প্রতি ০৩ (তিন) মাস অন্তর পরিদর্শন করবেন এবং নিয়মিত প্রতিবেদন দাখিল করবেন।<br><br>(খ) অধিদপ্তর হতে প্রকল্প পরিদর্শনে গেলে এ মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের কার্যক্রম ও মানবিক সহায়তা কার্যক্রম পরিদর্শনের পাশাপাশি দুর্যোগ সহনীয় বাসগৃহ সংশ্লিষ্ট জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা ও প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস পরিদর্শন করে বাস্তবভিত্তিক পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন। কারিগরী তথ্যসহ কারিগরী অসামঞ্জস্যসমূহ উল্লেখ করে প্রকল্প পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে। | পরিচালক (সকল)/ ও উপপরিচালক (সকল)/ নির্বাহী প্রকৌশলী (সকল)/ পরিদর্শনকারী সকল কর্মকর্তা<br><br>পরিচালক (মূওপ) ও পরিদর্শণকারী কর্মকর্তা (সকল) ডিআরআরও/ পিআইও (সকল) |
| ১০ | ভিজিএফ ও ঝুঁকিহ্রাস কর্মসূচি সংক্রান্ত। | (ক) পরিচালক (ভিজিডি) জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে জুলাই ২০২১ মাসে ভিজিএফ কর্মসূচীর আওতায় পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে ১,০০,১৭৬.৫১ মে.টন চাল বরাদ্দ দেয়া হয়েছে। উপকারভোগীর সংখ্যা ১,০০,১৭,৫৫১টি পরিবার | (ক) ভিজিএফ কর্মসূচির খাদ্যশস্য যথাযথভাবে বিতরণ নিশ্চিত করতে হবে। ভিজিএফ চাল বিতরণ বিষয়ে কোন অনিয়ম পাওয়া গেলে তা তাৎক্ষণিকভাবে তদন্ত করে প্রতিবেদনের আলোকে প্রচলিত বিধিমতে দ্রুততার সাথে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (ভিজিডি) |

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | (খ) ঝুঁকিহ্রাস কর্মসূচির আওতায় ঋণ ও অনুদান হিসেবে মোট ১৪৫,৬৪,১৭,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত সর্বমোট ৩৭,৭৩,৬১,৯৯৬ টাকা আদায় করা হয়েছে। এছাড়া সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় ঋণ ও অনুদান হিসেবে মোট ৪,৫০,০০,০০০/-( চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত মোট আদায় ১,২৮,৬৬,৫৩৭/- এক কোটি আটাশ লক্ষ ছিয়াষট্টি হাজার পাঁচশত সাঁইত্রিশ) টাকা। ঝুঁকিহ্রাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী অর্থ আদায়ের জন্য ০৭ সদস্য বিশিষ্ট টাস্কফোর্স গঠন করা হয়েছে। আদায় কার্যক্রম চলমান রয়েছে মর্মে উপপরিচালক (ভিজিডি) সভায় উল্লেখ করেন। | (খ) সংশ্লিষ্ট ইউএনওগণের মাধ্যমে সার্টিফিকেট মামলা রুজু করে ঝুঁকিহ্রাস এবং বেকারত্ব মোচন তহবিলের অনাদায়ী টাকা আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) ঝুঁকিহ্রাস কর্মসূচি এবং সাময়িক বেকারত্ব মোচন তহবিলের আওতায় প্রদানকৃত অর্থ আদায়ের লক্ষ্যে গঠিত টাস্ক-ফোর্স ঋণ গ্রহীতার সংখ্যা, ঋণের পরিমান জেলা হতে সংগ্রহ করে দ্রুত আদায়ের কার্যক্রম গ্রহণ করবেন এবং সার্বিক অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | গঠিত টাস্ক-ফোর্স |
| ১১ | ত্রাণ কার্যক্রম সংক্রান্ত | (ক) <u>ত্রাণ কর্মসূচি:</u> ত্রাণ খাতে বরাদ্দকৃত অর্থদ্বারা সরকারি পরিপত্র অনুযায়ী যথাযথভাবে ঢেউটিনসহ শুকনা খাবার ক্রয় কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>(খ) ঢেউটিন, গৃহ নির্মাণ বরাদ্দসহ জিআর চাল ও জিআর অর্থ সরকারি নিয়ম মোতাবেক বন্যা কবলিত জেলাসহ অন্যান্য জেলায় ছাড়করণের বিষয়ে আলোচনা করা হয়।<br>গ) মহাজের সম্পত্তি উদ্ধারের উপায় ও দ্রুত পদেক্ষপ গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গত সভার সিদ্ধান্তমতে ১৩.১২.২০২০ তারিখে ০৭ সদস্য বিশিষ্ট টাস্ক-ফোর্স গঠন করা হয়েছে। টাস্ক-ফোর্স এর কাজের অগ্রগতি অতি মন্থর দেখে সভাপতি চরম অসন্তোষ প্রকাশ করেন। পরিচালক (ত্রাণ) জানান যে, ইতোমধ্যে রংপুর জেলা পরিদর্শন করে মোহাজের সম্পত্তির প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হচ্ছে। রংপুর বিভাগ শেষ হলে অন্য বিভাগের তথ্য সংগ্রহের কার্যক্রম গ্রহণ করা হবে। | (ক) বরাদ্দকৃত অর্থদ্বারা সরকারি পরিপত্র এবং স্পেশিফিকেশন অনুযায়ী যথাযথভাবে ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) ঢেউটিন, গৃহ নির্মাণ বরাদ্দসহ জিআর চাল ও জিআর অর্থ সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের চাহিদার ভিত্তিতে সরকারি বিধি অনুযায়ী জেলাওয়ারী ছাড় করতে হবে। কোন অনিয়ম/ আত্মসাৎ হলে তাৎক্ষণিক ব্যবস্থা নিতে হবে।<br>গ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাজের সম্পত্তি উদ্ধারের লক্ষ্যে গঠিত টাস্ক-ফোর্স জেলা প্রশাসনের সহায়তায় দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং হালনাগাদ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করবেন। | পরিচালক (ত্রাণ)/ প্রধান ভারপ্রাপ্ত কর্মকর্তা, সিএসডি<br>গঠিত টাস্ক-ফোর্স |
| ১২ | এমআইএম অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত। | (ক) ধরন ভিত্তিক দুর্যোগের ক্ষয়ক্ষতির তথ্যাদি রেজিস্টার সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>(খ) অগ্নিকান্ডসহ যে সকল দুর্ঘটনা বা দুর্যোগে নিহতদের পরিবারদের এ অধিদপ্তরের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে সে সকল নিহতদের তালিকা সংরক্ষণ করা প্রসংগে আলোচনা। | (ক) জেলা ওয়ারী দুর্যোগের ধরণ ভিত্তিক ক্ষয়ক্ষতির তথ্যাদি রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।<br>(খ) অগ্নিকান্ডসহ যে সকল দুর্ঘটনা বা দুর্যোগে নিহতদের পরিবারদের এ অধিদপ্তরের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করা হয় সে সকল নিহতদের তালিকা আলাদা রেজিস্টারে সংরক্ষণ করতে হবে। | পরিচালক (এমআইএম)/ প্রকল্প পরিচালক (ইউআরপি)/ প্রোগ্রামার<br>উপপরিচালক (এমআইএম) |
| ১৩ | পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত। | (ক) উপপরিচালক (পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, বন্যা-আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) প্রকল্প ও জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তথ্য কেন্দ্র কাম ত্রাণ গুদাম নির্মাণ প্রকল্পসহ ১১ টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। তাছাড়া (ক) বজ্রপাতের ফলে সৃষ্ট প্রাণহানী থেকে জনগণকে সুরক্ষা প্রদানের জন্য দেশব্যাপী বজ্রনিরোধক কাঠামো স্থাপন প্রকল্প (জুলাই ২০২১-জুন ২০২৪) (খ) বহুমুখী উদ্ধার ও অনুসন্ধান কাজের লক্ষ্যে নৌযান সংগ্রহ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ (৩য় পর্যায়) (জানুয়ারী ২০২১-ডিসেম্বর ২০২৪) এবং (গ) হাওর ঝুঁকি ব্যবস্থাপনা প্রকল্প (জুলাই ২০২১-জুন ২০২৪) বাস্তবায়নের অনুমোদনের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | (ক) (i) ডিপিপি অনুযায়ী চলমান সকল প্রকল্পের কাজ যথযথভাবে নির্ধারিত সময়সীমার মধ্যে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে এবং মন্ত্রণালয়ে প্রেরিত ডিপিপিসমূহ যাচাই বাছাই অন্তে পরিকল্পনা কমিশনে প্রেরণের যথাযথ উদ্যোগ নিতে হবে।<br>(ii) অধিদপ্তরের সকল পরিচালক/প্রকল্প পরিচালক/ উপপরিচালকগণ/ উপপ্রকল্প | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/ উপপরিচালক প্রশমন) |

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | | পরিচালক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কাজ পরিদর্শন করে নিয়মিত প্রতিবেদন দিবেন এবং প্রতিবেদনের এক কপি পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন এবং প্রশাসন) কে দিতে হবে। | |
| | | (খ) অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভা প্রতি মাসে আহবান এবং বিভিন্ন প্রকল্পের মাসিক অগ্রগতির প্রতিবেদন নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। এ ছাড়া বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের NOA ও Work order সরকারি বিধি অনুযায়ী সময়মত প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (খ) বাস্তবায়নাধীন সকল উন্নয়ন প্রকল্পের NOA ও Work order সরকারি বিধি অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করতে হবে এবং নির্মাণ কাজ সময়মত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক (সকল) |
| ১৪ | প্রশিক্ষণ ও গবেষণা অনুবিভাগের কার্যক্রম সংক্রান্ত। | ক) এ পর্যন্ত ১৬তম ব্যাচের বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। আগস্ট ২০২১ হতে এপিএ এর লক্ষমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চালু হয়েছে এবং ১৭তম ব্যাচের বুনিয়াদি প্রশিক্ষণ চলমান রয়েছে মর্মে পরিচালক ( গবেষণা ও প্রশিক্ষণ) সভাকে অবহিত করেন। | ক) APA, শুদ্ধাচার পরিকল্পনার লক্ষ্যমাত্র মোতাবেক সরকারি কর্মচারী (শৃংখলা আপীল) বিধি-২০১৮, নথি বিনষ্টকরণ, বুনিয়াদি প্রশিক্ষণসহ শুদ্ধাচার, তথ্য অধিকার,অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও ইনোভেশনসহ গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সকল প্রশিক্ষণ যথাসময়ে শুরু ও শেষ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ ও গবেষণা) |
| ১৫ | অধিদপ্তরের জনবল নিয়োগ। | দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রাজস্ব খাতের অবশিষ্ট শূন্য পদ পূরণ বিষয়ে আলোচনা করা হয়। ১৪০ জন অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়ার পর ৭২,১৬২ টি আবেদন পাওয়া যায়। পরবর্তীতে ০৭ ক্যাটাগরির ৬২ জন কর্মচারি নিয়োগের নিয়োগ বিজ্ঞপ্তি গত ২৬.০২.২০২১ তারিখে পত্রিকায় প্রকাশিত হওয়ার পরে ২০,০৫০ টি আবেদন পাওয়া যায়। ইতোমধ্যে ১৪০ জন অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক নিয়োগের কার্যক্রম সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ১৩৫ জন অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক চাকরিতে যোগদান করেছেন। | ক) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের রাজস্ব খাতের অবশিষ্ট শূন্য পদ পূরণের লক্ষ্যে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।<br>খ) প্রতিটি ফ্লোরের সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা অব্যাহত রাখার জন্য ফ্লোর ভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ স্ব-স্ব ফ্লোরের পরিস্কার পরিচ্ছন্নতা নিয়মিত মনিটরিং করবেন এবং প্রতিমাসে পরিচালক (প্রশাসন) বরাবরে মতামতসহ প্রতিবেদন দিবেন। | পরিচালক (প্রশাসন/ |
| ১৬ | বিবিধ | ক) যে সকল প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য ডিপিপিতে আলাদা অফিস ভাড়ার অর্থ সংস্থান আছে; সে সকল প্রকল্পের অফিস এ অধিদপ্তরের বাইরে অন্যত্র একসাথে সম্ভব হলে একই বিল্ডিংয়ে ভাড়া নিয়ে দ্রুত স্থানান্তর করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক) যে সকল প্রকল্পের কার্যক্রম পরিচালনার জন্য ডিপিপিতে আলাদা অফিস ভাড়ার অর্থ সংস্থান আছে; সে সকল প্রকল্পের অফিস ভাড়া খাতে অর্থের বরাদ্দ বিবেচনায় এ অধিদপ্তরের বাইরে অন্যত্র একসাথে সম্ভব হলে একই বিল্ডিংয়ে ভাড়া নিয়ে দ্রুত স্থানান্তর করতে হবে। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এ বিষয়টি সমন্বয় করবেন। | ক) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| | | খ) এ অধিদপ্তরের জরুরি সাড়াদান কেন্দ্রে দায়িত্ব পালন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খ) এ অধিদপ্তরের জরুরি সাড়াদান কেন্দ্র প্রতিদিন ২৪ ঘন্টা খোলা আছে। উপযুক্ত কারন ব্যতীত কেহ জরুরি সাড়াদান কেন্দ্রে দায়িত্ব পালন না করলে তার বিরুদ্ধে যথাযথ বিভাগীয় ব্যবস্থা নিতে হবে। | ক) পরিচালক (প্রশাসন) |
| | | গ) অবশিস্ট শূণ্যপদ পূরণ ও PMIS ফরম হালনাগাদ রাখা বিষয়ে সভায় আলোচনা করা হয়। | গ) তৃতীয় ও চতুর্থ শ্রেণির বর্তমান শূণ্য পদের সংখ্যা উল্লেখ করে ছাড়পত্র চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ | ক) পরিচালক |

| ক্রঃ নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | | করতে হবে। এ অধিদপ্তরের PMIS ফরম হালনাগাদ রাখতে হবে। | (প্রশাসন) ও প্রোগ্রামার |
| | | ঘ) কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত হাজিরা ও ই-ফাইলিং এর পারফরমেন্স মনিটরিং জোরদার করার বিষয়ে আলোচনা হয়। | ঘ) কর্মকর্তা/কর্মচারীদের নিয়মিত হাজিরা ও ই-ফাইলিং এর পারফরমেন্স মনিটরিং জোরদারসহ মাঝে মাঝে যাচাই করতে হবে। | |
| | | ঙ) এ অধিদপ্তরের চলমান/সম্পাদিত গুতুত্বপূর্ণ কাজ ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে আপলোড করণ বিষয়ে সভায় আলোচনা হয়। | ঙ) এ অধিদপ্তরের চলমান/ সম্পাদিত গুতুত্বপূর্ণ কাজ ও অর্জনসমূহ এ অধিদপ্তরের ওয়েবসাইটে তাৎক্ষণিকভাবে ছবিসহ আপলোড করতে হবে। | ঘ) পরিচালক (প্রশাসন) ও প্রোগ্রামার |
| | | চ) ভবনের সৌন্দর্যবর্ধণ,মেরামত এবং কারিগরী বিষয়ে মনিটরিং জোরদারকরণ বিষয়ে আলোচনা। | চ) ভবনের সৌন্দর্যবর্ধণ, মেরামত এবং কারিগরী বিষয়ে এ অধিদপ্তরের দুই জন সহকারি প্রকৌশলী মনিটরিং করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | |

০৩। সভার গুরুত্বর্পূণ বিষয়সমূহ পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আতিকুল হক)
মহাপরিচালক
ফোন-৫৮৮১৫৪৯৫

স্মারক নং- ৫১.০১.০০০০.০০৩.০৬.০০৮.১১. ৯১২৩ তারিখঃ ০৭.১২.২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক/ প্রকল্প পরিচালক (সকল), ......................................, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক/ উপপ্রকল্প পরিচালক (সকল), ......................................,দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (কাবিখা/মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৫। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৬। সহকারী পরিচালক (সকল), ......................................, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭। সহকারী প্রকৌশলী (কাবিখা/মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৮.১২.২০২১

(ড.মোঃ হাবিব উল্লাহ বাহার)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন-১)
ফোন-৯৮৬১৩৬০